



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/14/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো নিউ ইয়র্ক রাজ্যে জুনটিনথকে সরকারি ছুটি হিসেবে চিহ্নিত করে আইনে স্বাক্ষর করেছেন

আইন জুনটিনথ উদযাপন করে - একটি দিন যা কৃষ্ণাঙ্গ এবং আফ্রিকান আমেরিকানদের স্বাধীনতা এবং অর্জনকে উদযাপন করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ (S.8598/A.10628) আইনে স্বাক্ষর করেছেন যা ভবিষ্যতে নিউ ইয়র্ক স্টেটে জুনটিনথকে (Juneteenth) সরকারি ছুটি হিসেবে উদযাপন করবে। নতুন আইন জুনটিনথ উদযাপন করে, যা দাসত্বের সমাপ্তিকে স্মরণ করে এবং কৃষ্ণাঙ্গ এবং আফ্রিকান আমেরিকার স্বাধীনতা এবং অর্জনকে উদযাপন করে, একই সাথে ক্রমাগত আত্মউন্নয়ন এবং সকল সংস্কৃতির প্রতি শ্রদ্ধাকে উৎসাহিত করে। এ বছরের শুরুতে গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেট কর্মীদের জন্য ছুটি হিসেবে জুনটিনথকে স্বীকৃতি দিয়ে একটি নির্বাহী আদেশ জারি করেন।

"আমি অবিশ্বাস্যভাবে গর্বিত এই আইনে স্বাক্ষর করতে পেরে, যা জুনটিনথকে নিউ ইয়র্ক রাজ্যে একটি সরকারি ছুটির দিন হিসেবে ঘোষণা করে, যা মার্কিন যুক্তরাষ্ট্রে দাসত্বের সমাপ্তিকে স্মরণ করে," **গভর্নর কুওমো বলেন।** "এই নতুন সরকারি ছুটি কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের অর্জনকে স্বীকৃতি দেয়ার একটি দিন হিসেবে কাজ করবে, একই সাথে আমাদের সমাজ আজও যে পদ্ধতিগত অবিচারের সম্মুখীন হচ্ছে তার উপর আত্মপ্রতিফলনের একটি গুরুত্বপূর্ণ সুযোগ প্রদান করবে।"

সেনেটর কেভিন পার্কার বলেন, "পরিশেষে, আমরা আফ্রিকান-আমেরিকানরা যে ঐতিহাসিক নিপীড়ন এবং অবিচার সহ্য করেছে তা স্বীকার করতে শুরু করেছি। এই ছুটির দিনটি সমঝোতা এবং আরোগ্যের প্রথম পদক্ষেপ যা সকল মানুষের জন্য ন্যায্যবিচার নিশ্চিত করার জন্য আমাদের মহান রাষ্ট্রের প্রয়োজন। আপনার সমর্থন এবং এডভোকেসির জন্য গভর্নরকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য এলিসিয়া হাইন্ডম্যান বলেন, "জুনটিনথ এ দেশে কৃষ্ণাঙ্গ স্বাধীনতার ইতিহাসের একটি অংশ হিসেবে কাজ করে। সরকারে থাকা আমার সহকর্মী এবং গভর্নর কুওমোর সাথে কাজ করতে পেরে আমি আনন্দিত, এটা নিশ্চিত করার অংশ হিসেবে যে কৃষ্ণাঙ্গ আমেরিকার ইতিহাসের এই গুরুত্বপূর্ণ অংশগুলো আমাদের মহান রাজ্য নিউ ইয়র্কে বলা অব্যাহত থাকবে।"

জুনটিনথ 1865 সালের 19 জুন স্মরণ করা হয়, 1863 সালের 1 জানুয়ারি যখন প্রেসিডেন্ট আব্রাহাম লিঙ্কনের মুক্তির ঘোষণা কার্যকর হওয়ার দুই বছরেরও বেশি সময় পর টেক্সাসে স্বাধীনতার

সংবাদ আসে। সারা স্টেট জুড়ে আফ্রিকান আমেরিকানদের এই দিনে তাদের স্বাধীনতা অধিকার সম্পর্কে সচেতন করা হয় যখন মেজর জেনারেল গর্ডন গ্রেঞ্জার ফেডারেল সৈন্যদের সাথে গ্যালভেস্টনে আসেন গৃহযুদ্ধের সমাপ্তি ঘোষণা করতে এবং সকল ক্রীতদাস এখন মুক্ত এবং সেই সাথে স্টেট জুড়ে ক্রীতদাস মালিকদের মধ্যে মুক্তি প্রয়োগের উদ্দেশ্যে টেক্সাসে উপস্থিতি বজায় রাখার জন্য।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)